



# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-এনআইএলজি/৪৬.০১৮.০০০০.০০২.০১.০০৮.১৫/৬৬৭


তারিখ : ২৫ -১০-২০১৭

বিষয় : ইউনিয়ন পরিষদের সচিবগণের জন্য আয়োজিত 'বুনিয়াদি প্রশিক্ষণ' কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের জন্য আগামী ১২-১১-২০১৭ হতে ১১-১২-২০১৭ ইং তারিখ পর্যন্ত 'বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স - ৪৪তম ব্যাচ' আয়োজন করেছে। উল্লিখিত তারিখ হতে অনুষ্ঠিতব্য কোর্সে অংশগ্রহণের জন্য জেলা প্রশাসকগণের প্রেরিত চাহিদার প্রেক্ষিতে (তালিকা সংযুক্ত) ইউনিয়ন পরিষদের সচিবগণকে এ প্রশিক্ষণ কোর্সে মনোনীত করা হয়েছে। কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে তাদের অবমুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাবলি তার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো-

- ১। কোর্সে অংশগ্রহণকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এ প্রতিষ্ঠান হতে দৈনিক ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা হারে ৩০ দিনে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা প্রশিক্ষণ ভাতা দেয়ার ব্যবস্থা আছে। এ ভাতা হতে অংশগ্রহণকারীগণ আহারাদির ব্যবস্থা করবেন।
- ২। কোর্সে অংশগ্রহণকারী ইউনিয়ন পরিষদ সচিবকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ যাতায়াত ভাতা প্রদান করবে।
- ৩। প্রশিক্ষণার্থীগণ নিজ ব্যবস্থাপনায় 'মেস' করে দৈনিক আহারের ব্যবস্থা করবেন। এনআইএলজি এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
- ৪। কোর্সে অংশগ্রহণকারীগণকে আগামী ১১-১১-২০১৭ শনিবার সন্ধ্যা ৬.০০ টার মধ্যে অবশ্যই এনআইএলজিতে রিপোর্ট ও রেজিস্ট্রেশন করতে হবে।
- ৫। মনোনীত প্রত্যেক প্রশিক্ষণার্থীকে এ কোর্সে যোগদান এবং হোস্টেলে অবস্থান করা বাধ্যতামূলক।
- ৬। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে শরীর চর্চা অধিবেশনের জন্য সাদা টি শার্ট, ট্রাউজার, জুতা অবশ্যই সংগে আনতে হবে (উল্লেখ্য, এসব সামগ্রী ক্রয়ের জন্য জনপ্রতি ২০০০/- টাকা হারে ভাতার ব্যবস্থা আছে)।
- ৭। সংযুক্ত তালিকা অনুযায়ী ইতোমধ্যে কোন ইউনিয়ন পরিষদের সচিবকে অন্যত্র বদলি করা হয়ে থাকলে যে ইউনিয়ন পরিষদে কর্মরত আছেন সে ইউনিয়ন পরিষদ হতে তাকে এ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় আদেশ দেয়ার জন্য অনুরোধ করা হলো।



মো. গোলাম ইয়াহিয়া  
পরিচালক (যুগ্ম সচিব)  
(প্রশিক্ষণ ও পরামর্শ)  
ফোনঃ ৮১৮১৮৫১

প্রাপক

জেলা প্রশাসক


জেলা- লক্ষীপুর/চট্টগ্রাম/ঝালকাঠি/নেত্রকোনা/খুলনা।

নং- এনআইএলজি/৪৬.০১৮.০০০০.০০২.০১.০০৮.১৫/ ৬৬৭/১৫৪

তারিখ ২৫-১০-২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম/ঢাকা/ঝালকাঠি/খুলনা।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা- লক্ষীপুর/চট্টগ্রাম/ঝালকাঠি/নেত্রকোনা/খুলনা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনআইএলজি, ঢাকা।



মো. গোলাম ইয়াহিয়া  
পরিচালক (যুগ্ম সচিব)  
(প্রশিক্ষণ ও পরামর্শ)